

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ NAOGAON PALLI BIDYUT SAMITY-2

স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০১.০৩৮.২৩.২১৭৮

তারিখঃ ০৯ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জুলাই, ২০২৩ খ্রি:


“কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) পুনঃদরপত্র বিজ্ঞপ্তি”

নিম্নের বর্ণনা অনুযায়ী নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় পিকআপ গাড়ীর টায়ার ক্রয় করা হবে। পিকআপ গাড়ীর টায়ার সরবরাহের নিমিত্তে প্রকৃত প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে মূল্য জানানোর জন্য অনুরোধ করা হলো:

ক্রঃনং	মালামালের বিবরণ	চাহিদা	একক মূল্য	মোট মূল্য
০১	টায়ার (টিউব লেস) সাইজ- 265/70 R16 ব্রিজস্টোন (জাপান/ইন্দোনেশিয়া/থাইল্যান্ড) ডানলপ (জাপান) নমুনা মোতাবেক	১ সেট (৫ টি টায়ার)		

শর্তাবলী:

- ০১। দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও স্থানঃ দরপত্র আগামী ০৬/০৮/২০২৩ খ্রিঃ তারিখ ১১:৩০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পল্লীতলা, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে এবং ঐ দিনেই ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। মালামাল নিজ খরচে সমিতির সদর দপ্তরে (পল্লীতলা, নওগাঁ) পৌঁছে দিতে হবে।
- ০৩। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স (আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র ও ব্যাংক সলভেন্সী যদি থাকে) সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৪। মালামাল সরবরাহ সন্তোষজনকভাবে নিশ্চিত হওয়ার পর বিল ও চালান দাখিল স্বাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৫। সফল দরদাতা প্রতিষ্ঠান কে কার্যাদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে মালামাল নিজ খরচে সমিতির সদর দপ্তরে পৌঁছে দিতে হবে।
- ০৬। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম/বেশী করা যেতে পারে।
- ০৭। বর্নিত স্পেসিফিকেশন অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে। স্পেসিফিকেশন মোতাবেক মালামাল সরবরাহ না হলে গ্রহণ করা হবে না।
- ০৮। সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর প্রযোজ্য হবে।
- ০৯। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


(মিলন কুমার কুন্ডু)

জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নওগাঁ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, পল্লীতলা, নওগাঁ।
- ০৫। মেয়র, নজিপুর পৌরসভা, নওগাঁ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস ১/২/৩/৪।
- ০৭। এজিএম (অর্থ), নওগাঁ পবিস-২।
- ০৮। এজিএম (আইটি), নওগাঁ পবিস-২ (ফেসবুক পেজ/নোটিশ বোর্ড/ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৯। মেসার্স -----।
- ১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (<http://pbs2.naogaon.gov.bd>), নওগাঁ পবিস-২।


(মিলন কুমার কুন্ডু)

জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)